জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মরক নং-জয়পৌরস/প্রকৌঃ/২০২০-২০২১/৭৯৯

তারিখঃ ০৬/০৬/২০২১ ইং।

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ০৯/০৬/২০২১ তারিখ রোজঃ বুধবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। (এপ্রিল-জুন/২১) কোয়াটারে উঠান বৈঠক ফলপ্রসু করণ বিষয়ে আলোচনা।
৩। বাল্য বিবাহ বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

০৬/০৬/২০২১
(মোছাঃ মুন্নুজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা
০৬/০৬/২০২১

প্রাপক ঃ

.........................................................

.........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ০৯-০৬-২০২১ইং
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহসান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পৌঃস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-০৫ জয়পৌঃস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।
সিদ্ধান্ত ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচ্য বিষয় ঃ (এপ্রিল-জুন/২০২১) কোয়ার্টারে উঠান বৈঠক ফলপ্রসু করণ বিষয়ে আলোচনা।

আলোচনাঃ-সভাপতি মহোদয় উপস্থিত সকলের দৃষ্টি আর্কষণ করে বলেন, চলতি কোয়ার্টারে শীঘ্রই উঠান বৈঠকের আয়োজন প্রক্রিয়া শুরু করা প্রয়োজন। উক্ত আলোচনার প্রেক্ষিতে কমিটি সদস্য জনাব মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং -০২, জয়পুরহাট পৌরসভা- সভাপতি মহোদয়ের কাছে উঠান বৈঠক আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটি সদস্য সচিব উক্ত প্রশ্নের আলোকে বলেন, আপনারা অবগত আছেন উঠান বৈঠক আয়োজনের জন্য UGIIP-3 প্রকল্প অফিস হতে বৈঠকের ব্যয় নির্বাহের জন্য বাজেট প্রদান করেন, উঠান বৈঠকের ব্যয় নির্বাহের নিমিত্তে প্রকল্প অফিস হতে বাজেট সংবলিত চিঠি চলতি মাসে প্রেরণ করেছেন। চিঠি প্রাপ্তি সাপেক্ষে এ কমিটির সভাপতি সকল কাউন্সিলর এর সাথে আলোচনা করে উঠান বৈঠকের জন্য ওয়ার্ড ভিত্তিক স্থান ও সময় নির্ধারণ করে জুন/২১ মাসের মধ্যে উঠান বৈঠক আয়োজনের ব্যবস্থা করবেন। বিষয়টি নিয়ে সভাগণের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ- সংরক্ষিত মহিলা কাউন্সিলর ও প্রত্যেক ওয়ার্ডের কাউন্সিলরদের সাথে পরামর্শ ক্রমে প্রত্যেক ওয়ার্ডে ১টি করে স্থান নির্বাচন ও তারিখ নির্ধারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অত্র কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান ও UGIIP-3 প্রকল্পের এলসিডিএ জনাব মোঃ নুর মোহাম্মদ কে দায়িত্ব প্রদান করা হলো।

আলোচ্য সূচী-৩। বাল্য বিবাহ বিষয়ে আলোচনা।

আলোচনা ঃ আলোচ্য বিষয়ের উপর সভাপতি মহোদয় বলেন, বিভিন্ন মানবাধিকার ও নারী সংগঠনের আন্তরিক প্রচেষ্টার ফলে পূর্বের তুলনায় বাল্য বিবাহের হার অনেকাংশে কমে এসছে। তবুও দরিদ্র ও অশিক্ষিত জনগোষ্ঠীর মধ্যে বাল্য বিবাহের হার এখনও বিদ্যমান। সাচিবিক দায়িত্বে নিয়োজিত মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা- জয়পুরহাট পৌরসভা এ প্রসঙ্গে বলেন, বাল্য বিবাহের ফলে অপরিনত বয়সে মেয়েরা সন্তানের জন্ম দেয়। ফলে সেই সন্তানও অপুষ্ট থাকে। এই পুষ্টিহীনতার জন্য সন্তান যে কোন ধরনের অসুখে আক্রান্ত হতে পারে বা মৃত্যু বরণ করতে পারে। অনুরূপ ভাবে স্বাস্থ্যগত দিক দিয়ে এইসব সন্তানের মায়েরাও নিরাপদ নয়, তারাও সবসময় স্বাস্থ্য ঝুঁকির মধ্যে থাকে। এই অবস্থা থেকে উত্তোরণের জন্য কমিটির সম্মানিত সদস্য জনাব পাপিয়া, কাউন্সিলর, সংরক্ষিত-২, জয়পুরহাট পৌরসভা বলেন, বাল্য বিবাহ রোধ করা আমাদের সকলের দায়িত্ব। উঠান বৈঠক সহ বিভিন্ন কমিটির মিটিং এ এর কুফল সম্পর্কে আলোচনা করা প্রয়োজন। এছাড়া এলাকার কাজীগণ যেন পাত্র ও কনের সঠিক জন্ম সনদ পত্র ছাড়া কোনক্রমেই যেন বিবাহ রেজিষ্ট্রি করতে না পারে সেদিকে আমাদের সকলকে সচেতন থাকতে হবে। বিষয়টির উপর সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।
সিদ্ধান্ত ঃ

(ক) অত্র পৌরসভার সকল মহল্লার কাজীগণ বিধিসম্মত ভাবে বর ও কনের জন্ম সনদ পত্র যাচাই অন্তে বিবাহ রেজিষ্ট্রি করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
(খ) সম্মানিত কাউন্সিলরগণ সকল কমিটির মিটিং ও যে কোন আলোচনা সভায় বাল্য বিবাহের কুফল সম্পর্কে আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
(গ) পৌরসভার সকল মাঠকর্মীগণ বাড়ীবাড়ী কাজ করার সময় বাল্য বিবাহের অপকারীতা সম্পর্কে মহল্লাবাসীকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
(ঘ) বাল্য বিবাহ শূণ্যের কোঠায় নামিয়ে আনার লক্ষ্যে সকল মানবাধিকার ও নারী উন্নয়ন বিষয়ক সংগঠনের সহিত যোগাযোগ জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অন্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জয়পৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২০-২০২১/ তারিখ ঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ০৯/০৬/২০২১ ইং।
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রম নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোঃ সাহেদুল আহসান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | 09.06.2021 |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ জান্নাতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | |